দৈনিক ইত্তেফাক

তারিখ 29 MAY 1995
পৃষ্ঠা ৩ কলাম ৪

07

## গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সে ভর্তিচ্ছুদের জ্ঞাতব্য

গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ষান্মাসিক সার্টিফিকেট কোর্সে (জুলাই-ডিসেম্বর'৯৫) ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হইয়াছে। ভর্তিতে

( ৪র্থ পৃঃ দ্রঃ)

## গ্রন্থাগার বিজ্ঞান

( ৩য় পৃঃ পর )

আগ্রহীরা প্রতিদিন বিকাল ৪টা হইতে সন্ধ্যা ৭টা পর্যন্ত ইনষ্টিটিউট অব লাইব্রেরী এণ্ড ইনফরমেশন সাইন্স, বাংলাদেশ কেন্দ্রীয় গণ-গ্রন্থাগার ভবন, শাহবাগ, ঢাকা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, চট্টগ্রাম, সরকারী বি, এল কলেজ গ্রন্থাগার, দৌলতপুর, খুলনা ও রাজশাহী বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, রাজশাহী কেন্দ্রসমূহে আবেদনপত্রের ফরম সংগ্রহ করতে ও পূরণকৃত ফরম আগামী ৫ জুন পর্যন্ত জমা দিতে পারিবেন। ভর্তি পরীক্ষা (লিখিত ও মৌখিক) ৯ জুন সকাল ৯টায় অনুষ্ঠিত হইবে। ১ জুলাই হইতে সকল কেন্দ্রে একযোগে সার্টিফিকেট কোর্সের ক্লাস শুরু হইবে। প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক পাশ।

—প্রেস বিজ্ঞপ্তি